

## কলকাতা বইমেলায় নেই বাংলাদেশের নাম

- A Monitor Desk Report

Date: 16 November, 2024



ঢাকাঃ ভারতের পশ্চিমবঙ্গের রাজধানী কলকাতায় অনুষ্ঠিত হতে যাওয়া বইমেলায় অংশগ্রহণকারী দেশের তালিকা প্রকাশ করা হয়েছে, যেখানে দেখা যায়নি বাংলাদেশের নাম। আজ শনিবার (১৬ নভেম্বর) ভারতীয় সংবাদমাধ্যমের এক প্রতিবেদনে এই তথ্য জানা যায়।

১৯৯৬ সাল থেকে বাংলাদেশে শেখ হাসিনা সরকার ক্ষমতায় আসার পর থেকে কলকাতা শহরের বইমেলার প্রতিটি সংস্করণে স্থান পেয়েছিল বাংলাদেশ। আর ১৯৯৯ সালে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজে ওই বইমেলায় যোগ দিয়েছিলেন। সেই বছর বাংলাদেশ ছিল কলকাতার ওই বইমেলার থিম কান্ট্রি।

প্রতিবেদনে বলা হয়, শুক্রবার (১৫ নভেম্বর) এই বইমেলার শিডিউল প্রকাশ করা হয়। গত ২৮ বছরের মধ্যে প্রথমবারের মতো কলকাতা আন্তর্জাতিক বইমেলার শিডিউলে অংশগ্রহণকারী দেশ হিসাবে বাংলাদেশের উল্লেখ পাওয়া যায়নি।

বইমেলায় এবারের 'থিম কান্ট্রি' জার্মানি। এখন পর্যন্ত বইমেলায় অংশগ্রহণকারী দেশগুলোর মধ্যে যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, স্পেন, পেরু, ইতালি, আর্জেন্টিনা ও কলম্বিয়ার নাম রয়েছে বলে প্রকাশিত তালিকায় দেখা গেছে।

-B